করোনায় দক্ষিণ এশিয়ায় শিশু মৃত্যু বেড়েছে, জাতিসংঘের উদ্বেগ

দক্ষিণ এশিয়ায় ২০২০ সালে অতিরিক্ত দুই লাখ ২৮ হাজার শিশু মৃত্যুতে পরোক্ষভাবে ভূমিকা রেখেছে করোনা মহামারি। এ ছাড়া ১১ হাজার মৃত্যু ও ৩৫ লাখ অযাচিত গর্ভধারণের ঘটনা ঘটেছে।
ছবি: আলজাজিরা
দক্ষিণ এশিয়ায় ২০২০ সালে অতিরিক্ত দুই লাখ ২৮ হাজার শিশু মৃত্যুতে পরোক্ষভাবে ভূমিকা রেখেছে করোনা মহামারি। এ ছাড়া ১১ হাজার মৃত্যু ও ৩৫ লাখ অযাচিত গর্ভধারণের ঘটনা ঘটেছে।

বুধবার জাতিসংঘের এক প্রতিবেদনের বরাতে ফরাসি বার্তা সংস্থা এএফপি এমন খবর দিয়েছে।

জাতিসংঘ শিশু তহবিল ইউনিসেফ এ গবেষণাটি চালিয়েছে। প্রতিবেদন অনুসারে, মূলত ভারত, পাকিস্তান, নেপাল, বাংলাদেশ, আফগানিস্তান ও শ্রীলংকাজুড়ে অপরিহার্য জনস্বাস্থ্য সেবার সহজলভ্যতা ও ব্যবহার বাধাগ্রস্ত হওয়ার কারণে এমনটি ঘটেছে।।

দক্ষিণ এশিয়ার এই দেশগুলোতে ১৮০ কোটি মানুষের বসবাস।

ইউনিসেফের আঞ্চলিক পরিচালক জর্জ লারইয়া-অ্যাডজেই বলেন, এসব গুরুত্বপূর্ণ সেবার ঘাটতি পড়ায় দরিদ্র পরিবারগুলোর স্বাস্থ্য ও পুষ্টিতে ভয়াবহ প্রভাব ফেলেছে। কাজেই মা ও শিশুদের জন্য এসব সেবার জোগান দেওয়া অপরিহার্য।

তিনি বলেন, মানুষ যাতে এগুলো ব্যবহারে ন্যূনতম কুণ্ঠাবোধ না করেন, তা নিশ্চিত করতে যা করার দরকার, তা করতে হবে।

দক্ষিণ এশিয়ায় মহামারিপূর্ব পরিস্থিতির সঙ্গে পরে পরিবর্তন এসেছে। তার সঙ্গে তুলনা করে এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ২০১৯ সালে পাঁচ বছরের নিচের ১৪ লাখ শিশুর মৃত্যু হয়েছে—অবশ্য তাদের মধ্যে ৬৩ শতাংশ ছিল নবজাতক।

করোনার প্রকোপ নিয়ন্ত্রণে অন্যান্য অঞ্চলের মতো এখানেও কঠোর লকডাউন আরোপ করা হয়েছে। বিধিনিষেধের কারণে শিক্ষাপ্রতিষ্ঠানও

বন্ধ রাখা হয়েছিল।

ইউনিসেফের প্রতিবেদন জানায়, স্বাস্থ্যসেবা বন্ধ রাখলেও হাসপাতালগুলোতে লোকজনের যাতায়াত কম ছিল।

বাংলাদেশ ও নেপালে মারাত্মক তীব্র অপুষ্টির (এসএএম) দরুণ চিকিৎসা নেওয়া শিশুদের সংখ্যা ৮০ শতাংশ কমে গিয়েছিল। একই সময়ে ভারত-পাকিস্তানে শিশুদের টিকা দেওয়ার সংখ্যা মারাত্মকভাবে পড়ে গেছে।

মহামারিতে দক্ষিণ এশিয়ায় ৪২ কোটি শিশু স্কুলে যেতে পারেনি। প্রতিবেদন হুশিয়ারি দিয়ে বলছে, ৯০ লাখ শিশু আর কখনও স্কুলে ফেরা হবে না।

হাসপাতালে ভর্তি হলেন করোনা আক্রান্ত রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে রাজধানীর স্কয়ার হাসপাতালে ভর্তি হয়েছেন।

বেশ কয়েকদিন ধরে জ্বরে ভুগছেন বিএনপির এই নেতা। বুধবার করোনা টেস্ট করালে পজিটিভ রিপোর্ট আসে। এ তথ্য নিশ্চিত করেছেন বিএনপির স্বাস্থ্যবিষয়ক সম্পাদক ডা. রফিকুল ইসলাম।

তিনি বলেন, সুচিকিৎসার জন্য রিজভীকে আজ স্কয়ার হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, দলের মহাসচিবসহ স্থায়ী কমিটির সদস্যরা তার শারীরিক অবস্থা ও চিকিৎসার সার্বক্ষনিক খোঁজখবর রাখছেন।

রুহুল কবির রিজভীর স্ত্রী আরজুমান আরা আইভী ও ব্যক্তিগত সহকারী আরিফুর রহমান তুষার সঙ্গে আছেন। পরিবারের পক্ষ থেকে তার আশু রোগ মুক্তির জন্য দলীয় নেতাকর্মী ও দেশবাসীর কাছে দোয়া চাওয়া হয়েছে।

করোনা: দক্ষিণ কোরিয়ায় বিদেশি কর্মীদের প্রতি বৈষম্য কেন?

সব বিদেশি কর্মীর করোনা পরীক্ষা বাধ্যতামূলক করে নির্দেশ দিয়েছে দক্ষিণ কোরিয়া সরকার। দেশটির প্রতিটি প্রদেশে এ কার্যক্রম চলছে ধাপে ধাপে।

সিউল ও গিয়োংগিদো প্রদেশের বিদেশি কর্মীদের কোভিড-১৯ পরীক্ষা করতে বলা হয়েছে। অনেকেই এই কর্মসূচিকে বৈষম্যমূলক বিবেচনা করে ক্ষোভ প্রকাশ করেছেন।

গত ৮ মার্চ স্থানীয় প্রশাসন গিয়োংগিদো অঞ্চলে সব বিদেশি কর্মীকে ২২ মার্চের মধ্যে এবং সিউল অঞ্চলের কর্মীদের ৩১ মার্চের মধ্যে করোনভাইরাস পরীক্ষা করার জন্য একটি নোটিশ জারি করে।

আদেশ অনুসারে এই সময়ে যদি কোনো ব্যক্তি করোনা পরীক্ষায় ব্যর্থ হন; তাকে অবশ্যই তিন মিলিয়ন উয়ন অর্থাৎ (২৬০০ ডলার) পর্যন্ত জরিমানা গুনতে হবে।

পরীক্ষা না করা ব্যক্তির করোনা সংক্রমণ দেখা দিলে জরিমানার পাশাপাশি চিকিৎসার সব খরচ বহন করতে হবে।

গিয়োংগিদো প্রদেশে পার্শ্ববর্তী এলাকায় গত সপ্তাহে একই পদক্ষেপ নিতে দেখা যায়। বিদেশি কর্মীদের ৩১ মার্চের মধ্যে করোনা পরীক্ষা করার আদেশ জারি করে তাদের নিয়োগকারীদের নোটিশ পাঠায় সিউল মহানগর প্রশাসন।

দ. কোরিয়া টাইমসের প্রতিবেদন বলছে— দেশটিতে অবস্থানরত অনেক বিদেশি মনে করেন, ভাইরাসটি সংক্রমণ এবং ছড়িয়ে দেওয়ার জন্য ‘উচ্চঝুঁকিপূর্ণ গোষ্ঠী’ হিসাবে বিদেশি কর্মীদের শনাক্ত করে ‘বর্ণবাদী এবং বৈষম্যমূলক’ পরিবেশ তৈরি করছে দক্ষিণ কোরিয়া।

কাদের পরীক্ষা করা দরকার এবং অপ্রতুল প্রস্তুতির অপ্রত্যাশিত

নির্দেশিকা সম্পর্কেও অভিযোগ করেছেন অনেক বিদেশি।

গত বছরের ডিসেম্বরের পরিসংখ্যানের হিসাবে শহরে দুই লাখ ৪২ হাজার ৬২৩ নিবন্ধিত বিদেশি কর্মী রয়েছেন। তবে নগর কর্মকর্তারা অনুমান করেছেন যে, মোট সংখ্যা তিন লাখ ৯০ হাজারেরও বেশি হতে পারে।

সিউলের কিউং হি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জেনিফার ফ্লিন বলেন, আমি জানতে চাই সরকারের বাস্তব পরিকল্পনাটি কী। কারণ এ মুহূর্তে তারা আসলে কর্মী হিসেবে গণনা করছে। এই তথ্য কীভাবে প্রয়োগ করা হচ্ছে বা অন্য কোনো বিবরণ সম্পর্কে আমাদের কাছে পরিষ্কার ধারণা নেই।

তিনি বলেন, ভাইরাস সংক্রমণ বা ছড়িয়ে পড়ার দায় শ্রমজীবী বিদেশিদের ওপর চাপিয়ে দেওয়া হচ্ছে।

এটিকে হীনচিন্তার পরিকল্পনা আখ্যায়িত করে তিনি বলেন, দুর্বল জনগোষ্ঠী এর শিকার এবং লাঞ্ছিত হচ্ছে।

ফ্লিন আরও উল্লেখ করেন, আরও অনেক সুপরিচিত উচ্চঝুঁকিপূর্ণ কর্মক্ষেত্র এবং ভেন্যু রয়েছে। যেমন— গানের ঘর ও গির্জা, যা বর্তমানে কোনো বিশেষ বিধিনিষেধের আওতাধীন নয় বা তাদের শ্রমিকরা কোনো ধরনের পরীক্ষার আদেশের অধীনে নেই। শুধু কর্মরত বিদেশিদের পরীক্ষা করার পেছনে কোনো যুক্তি আমি দেখি না।

সিউলে বসবাসকারী একজন ফ্রিল্যান্সার পল ম্যাথিউজ বলেন, আমি কেবল অভিবাসী হিসেবে আমার দায়িত্ব পালন করতে চাই। তবে হঠাৎ সিউলের প্রতিটি বিদেশির পরীক্ষা করার দাবি করা হাস্যকর বলে মনে হচ্ছে।

তিনি জানান, কোরিয়াতে করোনা শুরুর দিকে যখন গির্জায় কিছু মানুষ আক্রান্ত হয়েছিল, যখন শুধু গির্জায় থাকা লোকদের পরীক্ষার আওতায় নিয়ে আসা হয়েছিল, তখন কোরিয়ার সব খ্রিস্টানের পরীক্ষা করা হয়নি।

‘আমি কেবল তাদের ইচ্ছায় এ সিদ্ধান্তটি পরিষ্কারভাবে ব্যাখ্যা করতাম— যাতে বিদেশি বাসিন্দারা বুঝতে পারেন। অন্যথায় এটি আমাদের পক্ষে বর্ণবাদী এবং অযৌক্তিক বলে মনে হচ্ছে।’

ছুটির দিনগুলো ছাড়া দক্ষিণ কোরিয়াতে কর্মব্যস্তদের করোনা পরীক্ষা দুষ্কর। পরীক্ষার জন্য নির্ধারিত সরকারের দেওয়া সময়সীমা অনেক কম। এতে সাপ্তাহিক ছুটিতে উপচেপড়া ভিড় দেখা গেছে কেন্দ্রগুলোতে, যা বর্তমান প্রেক্ষাপটে মোটেও কাম্য নয়।

করোনা পরীক্ষার অভিজ্ঞতার কথা বলতে গিয়ে বাংলাদেশি প্রবাসী সাংবাদিক ইজাজুল হক বলেন, একদিকে বৈষম্য, অন্যদিকে প্রদেশের অস্থায়ী পরীক্ষার কেন্দ্রগুলো অপরিকল্পিতভাবে স্থাপন করা হয়েছে। যাতে সামাজিক দূরত্ব কিংবা স্বাস্থ্যবিধির বালাই নেই।

তিনি জানান, ছুটির দিনে হাজার হাজার মানুষ ঘণ্টার পর ঘণ্টা ঘা ঘেঁষে লাইনে দাঁড়িয়ে আছে করোনা পরীক্ষা করার জন্য।

১০ বছরেরও বেশি সময় কোরিয়াতে বসবাস করছেন এই সাংবাদিক। তিনি বলেন, অনেকেই বেশ কয়েক ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থাকা সত্ত্বেও পরীক্ষা করতে পারেননি, যা করোনা সম্ভাব্য সংক্রমণের উচ্চঝুঁকি। আর এদিকে সরকার চারজনের বেশি সমাগম হতে নিষেধ করেছে।

ইউএনও বর্ণালী পাল করোনায় আক্রান্ত

সিলেটের বিশ্বনাথ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও পৌর প্রশাসক বর্ণালী পাল করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। মঙ্গলবার তার করোনা রিপোর্ট পজিটিভ আসে।

জানা গেছে, শরীরে হালকা জ্বর আর গলাব্যাথা দেখা দিলে বর্ণালী পাল গত ১৩ মার্চ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নমুনা পরীক্ষা করান। মঙ্গলবার রিপোর্ট পজিটিভ আসার পর থেকেই বর্ণালী পাল বিশ্বনাথে সরকারি বাসভবনে হোম আইসোলেশনে রয়েছেন।

বিষয়টির সত্যতা নিশ্চিত করে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুর রহমান মূসা জানান, প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী ইউএনওর পরিবারের বাকি লোকজনের নমুনা সংগ্রহ করা হবে।

তিনি জানান, এ পর্যন্ত ইউএনও বর্ণালী পালসহ মোট আক্রান্ত হয়েছেন ২২২ জন। এর মধ্যে সুস্থ হয়েছেন ২১০ জন, মারা গেছেন ৭ জন এবং বর্তমানে নতুন করে হোম আইসোলেশনে রয়েছেন ৫ জন।

সুস্থতার জন্য ইউএনও বর্ণালী পাল বিশ্বনাথ উপজেলাবাসীসহ সবার

কাছে দোয়া কামনা করেছেন।

Shares
facebook sharing buttonmessenger sharing buttontwitter sharing buttonpinterest sharing buttonlinkedin sharing buttonprint sharing button

একদিনে ১৮৬৫ জন আক্রান্ত, মৃত্যু ১১

কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় দেশে ১১ জনের মৃত্যু হয়েছে। এই সময়ে নতুন করোনা রোগী শনাক্ত হয়েছেন ১৮৬৫ জন। সুস্থ হয়ে উঠেছেন ১৫১০ জন।

করোনাভাইরাসে মৃত্যু ও আক্রান্তের সবশেষ পরিসংখ্যান জানিয়ে বুধবার স্বাস্থ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বুধবার সকাল পর্যন্ত আরও এক হাজার ৮৬৫ জনের মধ্যে সংক্রমণ ধরা পড়ায় দেশে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়ে ৫ লাখ ৬২ হাজার ৭৫২ জনে দাঁড়িয়েছে।

২৪ ঘণ্টায় মারা যাওয়া ১১ জনকে নিয়ে দেশে করোনাভাইরাসে মৃত্যু বেড়ে ৮ হাজার ৬০৮ হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের হিসাবে বাসা ও হাসপাতালে চিকিৎসাধীন আরও এক হাজার ৫১০ জন রোগী সুস্থ হয়ে উঠেছেন গত এক দিনে। তাতে এ পর্যন্ত সুস্থ রোগীর মোট সংখ্যা বেড়ে ৫ লাখ ১৫ হাজার ৯৮৯ জন হয়েছে।

দেশে প্রথম করোনা শনাক্ত হয় ৮ মার্চ। প্রথম মৃত্যু হয় ১৮ মার্চ। বর্তমানে বিশ্বের ২১৩ টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে করোনা। এটি বৈশ্বিক মহামারি ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

যুগান্তর ইউটিউব চ্যানেলে সাবস্ক্রাইব করুন

দেশে করোনাভাইরাসে আরও ২৬ প্রাণহানি

দেশে করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় আরও ২৬ জনের মৃত্যু হয়েছে। এই সময়ে নতুন করে সংক্রমিত হয়েছেন ১ হাজার ৭১৯ জন।

মঙ্গলবার করোনাভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর সবশেষ পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য অধিদফতরের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ২০ হাজার ৭৪৮ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। যাদের মধ্যে নতুন করে ১ হাজার ৭১৯ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। এতে মোট শনাক্তের সংখ্যা দাঁড়াল ৫ লাখ ৬০ হাজার ৮৮৭ জন।

গত ২৪ ঘণ্টায় নতুন ২৬ জন নিয়ে এখন পর্যন্ত করোনায় দেশে প্রাণ হারিয়েছেন ৮ হাজার ৫৯৭ জন।

গত ২৪ ঘণ্টায় বাসা ও হাসপাতালে চিকিৎসাধীন আরও ১ হাজার ৩৫২ জন করোনা রোগী সুস্থ হয়ে উঠেছেন। এ নিয়ে এখন পর্যন্ত মোট ৫ লাখ ১৪ হাজার ৪৭৯ জন সুস্থ হয়ে উঠলেন।

প্রসঙ্গত দেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল গত বছরের ৮ মার্চ। আর প্রথম মৃত্যু হয় ১৮ মার্চ।

মেহেরপুরে নতুন করে আজ আরও ৫ জন করোনায় আক্রান্ত

দীর্ঘদিন পর মেহেরপুরে বেড়েছে করোনায় প্রাদুরর্ভাব। বেশ কিছু দিনের বিরতির পর আবারও মেহেরপুর জেলায় দেখা দিয়েছে করোনা

ভাইরাস। যার ফলে আজ মেহেরপুর শহরে নতুন করে আক্রান্ত হয়েছেন ৫ জন।

জানা গিয়েছে, সম্প্রতি করোনা ভাইরাস সন্দেহে ২৪ জনের নমুনা পাঠানো হয়েছিল এর মধ্যে ৫ জনের করোনা পজেটিভ আসে।

সোমবার রাতে সিভিল সার্জন সূত্রে জানাযায়, আক্রান্ত ৫ জনই সদর উপজেলার বাসিন্দা। এ নিয়ে জেলায় বর্তমানে মোট ৮ জন করোনায় আক্রান্ত হয়েছে।

এছাড়াও জেলায় এ পর্যন্ত সম্পূর্ণ সুস্থ হয়ে ৬৮৯ জন বাড়ি ফিরেছে। এবং মৃত্যুবরণ করেছেন ১৭ জন। নতুন করে করোনায় কোনও মৃত্যুর ঘটনা ঘটেনি।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের, বাসস্ট্যন্ড পাড়ার বিলকিস বেগম (৫৫), মনোয়ারা (৬০), মিশন স্কুল পাড়ার আশরাফ আলী (৫৮), মল্লিক পাড়ার শরিফ সানোয়ার (৪৪) ও সদর উপজেলার চাঁদ আলী (৩০)।

সবাই সামাজিক দূরত্ব মেনে, নিয়মিত সাবান- পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখা সহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলা ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন।

দীর্ঘ বিরতির পর মেহেরপুরে নতুন করে ৩ জন করোনায় আক্রান্ত

দীর্ঘদিন পর মেহেরপুরে তিন জন করোনায় আক্রান্ত হয়েছে। বেশ কিছু দিনের বিরতির পর আবারও মেহেরপুর জেলায় দেখা দিয়েছে করোনা ভাইরাস। যার ফলে মেহেরপুর শহরে নতুন করে একই পরিবারের ৩ জন আক্রান্তের খোঁজ মিলেছে।

জানা গিয়েছে, সম্প্রতি করোনা ভাইরাস সন্দেহে সোয়াব পরীক্ষার জন্য যে নমুনা পাঠানো হয়েছিল। সেই পরীক্ষার ফলে জানা গিয়েছে জেলায় ৩ জনের শরীরে করোনা শনাক্ত হয়।

রবিবার রাতে জেলা স্বাস্থ্য বিভাগের সূত্রে জানা গিয়েছে, আক্রান্ত ৩ জনই সদর উপজেলার বাসিন্দা। এ নিয়ে জেলায় বর্তমানে ৩ জন করোনায় আক্রান্ত রোগী রয়েছে।

এছাড়াও জেলায় এ পর্যন্ত সম্পূর্ণ সুস্থ হয়ে ৬৮৯ জন বাড়ি ফিরেছে। এবং মৃত্যুবরণ করেছেন ১৭ জন। নতুন করে করোনায় কোনও মৃত্যুর ঘটনা ঘটেনি।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের, বাসস্ট্যন্ড পাড়ার নওশিন(১৩), মহিদুল হক(৪২), সোনিয়া(৩৬)।

সবাই সামাজিক দূরত্ব মেনে, নিয়মিত সাবান- পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখা সহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলা ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন।

সেলিমা রহমান করোনা আক্রান্ত

করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান। বুধবার রাতে তার নমুনা পরীক্ষার রিপোর্টে করোনা পজিটিভ এসেছে।

বৃহস্পতিবার বিএনপির চেয়ারপারসনের প্রেস উইংয়ের সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানিয়েছেন।

বৃহস্পতিবার বিকালে সেলিমা রহমানকে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে দলের পক্ষ থেকে জানানো হয়েছে।

শায়রুল কবির জানান, পরিবার ও দলের পক্ষ থেকে দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন সেলিমা রহমান। তার চিকিৎসা খোঁজখবর রাখছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও মহাসচিব মির্জা ফখরুল ইসলাম

আলমগীর।

ব্রাজিলে সব রেকর্ড ভেঙে একদিনে ২২৮৬ জনের মৃত্যু

কোভিড-১৯ মহামারীতে বিপর্যস্ত ব্রাজিলে ২৪ ঘণ্টায় দুই হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে। এক বছরেরও বেশি সময় ধরে করোনা দাপট দেখালেও একদিনে এত সংখ্যক মৃত্যু হয়নি লাতিন আমেরিকার দেশটিতে।

দেশটিতে বুধবারই ২২৮৬ জনের মৃত্যু হয়েছে। এদিন ৭৯ হাজার ৮৭৬ জনের শরীরে করোনা ভাইরাস ধরা পড়ে, এটি একটি রেকর্ড। একই দিনে সর্বোচ্চ মৃত্যু ও সংক্রমণের ঘটনা ঘটল দেশটিতে।

এ নিয়ে দেশটিতে দুই লাখ ৬৮ হাজার ৩৭০ জন করোনা আক্রান্ত হয়েছেন।